



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩৬

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে জনগণই সঠিক সিদ্ধান্ত নেবে

--- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ০৩ ভাদ্র (১৮ আগস্ট):

জনগণের প্রতি আস্থা রেখে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে জনগণই সঠিক সিদ্ধান্ত নেবে, শেখ হাসিনাকে ভোট দিয়ে আবারও প্রধানমন্ত্রী করবে।

আজ শুক্রবার (১৮ আগস্ট) বিকালে তাঁর নির্বাচনি এলাকা নওগাঁর সাপাহারের গোয়ালা মিয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শোকসভা ও বিশেষ বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, যারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদেরকে হত্যা করেছে, তাদের উদ্দেশ্য ছিল বাংলাদেশকে হত্যা করার। ষড়যন্ত্রকারী ও খুনীরা জানত বঙ্গবন্ধুকে হত্যা করতে পারলে বাংলাদেশকে হত্যা করা যাবে— এই হত্যার মাস্টারমাইন্ড ছিল কিছু বিপদগামী সেনাসদস্যরা।

মন্ত্রী বলেন, আমরা ক্ষমতায় আসার আগে খাদ্যগুদাম প্রায় খালি ছিল। মাত্র সাড়ে তিন লাখ মেট্রিক টন চাল মজুত ছিল। এখন সরকারের গুদামে ২১ লাখ মেট্রিক টন চাল মজুত আছে। ভবিষ্যতের কথা ভেবে মজুতের পরিমাণ আরও বাড়ানো হচ্ছে।

এসময় তিনি স্মার্ট বাংলাদেশ গড়তে উন্নয়নের পথ বেছে নিতে জনগণের প্রতি আহ্বান জানান।

গোয়ালা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি কামরুজ্জামান কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাপাহার উপজেলা আওয়ামী লীগের সভাপতি সামশুল আলম শাহ চৌধুরী ও সাধারণ সম্পাদক মাসুদ রেজা সারোয়ার।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৮.৩০ঘ.